# পাঠ — 23

## তপোবন

**নিজে পড়ো ও শেখো —**



এক যে ছিল বন; তাতে ছিল বড়ো বড়ো বট; সারি সারি তাল তমাল; পাহাড় পর্বত্; আর ছিল ছোটো নদী মালিনী ।

মালিনীর জল বড়ো থির – আয়নার মতো । তাতে গাছের ছায়া, নীল আকাশের ছায়া, রাঙা মেঘের ছায়া —— সকলি দেখা যেত । আর দেখা যেত গাছের তলায় কতকগুলি কুটিরের ছায়া ।



নদী তীরের বনে অনেক জীবজন্তু ছিল। কত হাঁস কত বক সারাদিন খালের ধারে, বিলের জলে ঘুরে বেড়াত, কত ছোটো ছোটো পাখি, কত টিয়াপাখির ঝাঁক গাছের ডালে ডালে গান গাইত, কোটরে কোটরে বাসা বাঁধত।

দলে -- দলে হরিণ, ছোটো – ছোটো হরিণ শিশু, কাশের বনে, ধানের খেতে, কচি ঘাসের মাঠে খেলা করত।

(অবনীন্দ্র নাথ ঠাকুর)

1. বনের একটা ছবি আঁকো।

2. পুরো কথায় উত্তর লেখো —

- বনে কী কী গাছ ছিল ?

বনে.....................................

- নদীতে কিসের কিসের ছায়া পড়ত ?

নদীতে.....................................

- বনে কী কী পাখি ছিল ?

বনে.....................................

- নদীর নাম কী ছিল ?

নদীর.....................................

- কোটরে কোন্ পাখি থাকত ?

কোটরে.....................................

3. নিচে দেখানো মত শব্দ তৈরি করো —

আতা ছিল — তাল

গাছ যাওয়া — ______

দিন দীন — ______

কুটির মায়া — ______


বাতাস সারি — ______

বক দিন — ______


4. শেষ বর্ণের মিল যুক্ত যে কোনো শব্দ লেখো —

| | | | | |
|---|---|---|---|---|
| দাদা | ঘর | কান | হাত | থালা |
| কাদা | | | | |
| মাছ | কাঠি | দেখা | শেয়াল | মৌচাক |
| | | | | |

5. নিচে ছবির পাশে তাদের নাম লেখো —



______________



______________



______________



______________



______________

6. গাছের নাম পড়ো —

বট, তাল, খেজুর, বাঁশ,

নিম, শাল, বট, পলাশ,